রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৩, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক ও রেলপথ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ২৩শে আগস্ট,২০০১/৮ই ভাদ্র ১৪০৮

এস, আর, ও নং ২২৮-আইন/২০০১।—Highways Act, 1925 (III of 1925) এর section 4-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার মহাসড়ক (নিরাপত্তা, সংরক্ষণ ও চলাচল নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০১, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এর নিম্নরূপ সংশোধন করিল, যাহা উক্ত Act এর section 4 এর প্রয়োজন মোতাবেক ১২ই জুলাই, ২০০১ইং মোতাবেক ২৮শে আষাঢ়, ১৪০৮ বাং তারিখের এস, আর, ও নং ১৯৪-আইন/২০০১ দ্বারা প্রাক্-প্রকাশনা করা হইয়াছিল, যথাঃ—

উক্ত বিধিমালার—

(ক) বিধি ২ এর দফা (ঝ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঝ) ও (ঞ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ

"(ঝ) 'মহাসড়ক' অর্থ আইনের section 2 তে সংজ্ঞায়িত Government road এর মধ্যে অধিদপ্তর কর্তৃক বিধি ২ক এর অধীন প্রবেশাধিকার নিয়ন্ত্রিত মহাসড়ক (restricted access highway) হিসাবে ঘোষিত road;

(ঞ) 'যান' অর্থ দফা (জ)এ বর্ণিত মোটরযান ব্যতিত অন্যান্য ধীরগতিসম্পন্ন বাহন, অনধিক ৫০ সিসি ক্ষমতাসম্পন্ন মটর সাইকেল, তিন চাকাবিশিষ্ট মটর যান, রিক্সা, বাইসাইকেল এবং পা-চালিত বাহন ও ট্রেইলারসহ যে কোনভাবে চালানোর উপযোগী অন্য কোন বাহন।";

(খ) বিধি ২এর পর নিম্নরূপ বিধি ২ক সন্নিবেশিত হইবে, যথা ঃ

"২ক। 'মহাসড়ক ঘোষণা।—(১) উপ-বিধি (৩) এর বিধান সাপেক্ষে, অধিদপ্তর, সরকারী গেজেটে আদেশ দ্বারা, যে কোন Government road কে প্রবেশাধিকার নিয়ন্ত্রিত মহাসড়ক হিসাবে ঘোষণা করিতে পারিবে।


মূল্য ঃ টাকা ১.০০

(২) উপ-বিধি (১) এর বর্ণিত আদেশে নিম্নবর্ণিত তথ্যাবলী অন্তর্ভুক্ত থাকিবে, যথা ঃ

(ক) মহাসড়কের নাম;

(খ) মহাসড়কের নক্‌সা বা অন্যবিধ বর্ণনা;

(গ) মহাসড়কে প্রবেশ বা মহাসড়ক হইতে বহির্গমনের অনুমোদিত পথ।

(৩) অধিদপ্তর কোন Government road কে প্রবেশাধিকার নিয়ন্ত্রিত মহাসড়ক হিসাবে ঘোষণার ক্ষেত্রে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করিবে, যথা ঃ

(ক) মোটরযান চলাচলের জন্য বিশেষায়িত নক্সায় নির্মিত Government road প্রবেশাধিকার নিয়ন্ত্রিত মহাসড়ক হইবে;

(খ) সংলগ্ন ভূমিতে যাতায়াতের সুবিধা প্রদানের উদ্দেশ্যে নির্মিত নয় এইরূপ Government road প্রবেশাধিকার নিয়ন্ত্রিত মহাসড়ক হইবে;

(গ) দ্রুতগতিসম্পন্ন মোটরযান চলাচল ন্যূনতম বিঘ্ন সৃষ্টির সম্ভাবনা-সম্পন্ন Government road প্রবেশাধিকার নিয়ন্ত্রিত মহাসড়ক হইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মাওলা মজুমদার
উপ-সচিব।

আবদুর রহমান, (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।